মুজিবনগরে কেদারগঞ্জ বাজারে সুলভ মূল্যে সবজি বিক্রয়ের উদ্বোধন

মুজিবনগরে কেদারগঞ্জ বাজারে উপজেলা প্রশাসনের সুলভ মূল্যে সবজি বিক্রয়ের উদ্বোধন করেছেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

আজ রবিবার বিকেলে উপজেলার কেদারগঞ্জ বাজারে, উপজেলা কৃষি অফিস, উপজেলা প্রাণীসম্পদ, অফিস ও উপজেলা যুব উন্নয়ন অফিসের সহযোগিতায় এবং উপজেলা প্রশাসনের আয়োজনে এই সুলভ মূল্যের সবজি বাজার চালু করা হয়েছে।

সুলভ মূল্যের এই বাজারে পেয়াজ রসুন কাঁচা মরিচ আলু ফুলকপি মুলা লাউ বেগুন সহ বিভিন্ন ধরনের সবজি প্রতিদিন সুলভ মূল্য বিক্রয় করা হবে।

সুলভ মূল্যের বাজার চালুর বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন বাজারের দ্রব্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে সুলভ মূল্যের এই বাজার স্থাপন করা হয়েছে। এখানে সরাসরি কৃষকদের সাথে সবজি ক্রয় করে সাধারণ মানুষদের মাঝে বিক্রয় করা হবে। এখানে কোন মধ্যসত্যভোগি থাকবে না ফলে মানুষ সুলভ মূল্যে সবজি ক্রয় করতে পারবে। তিনি কৃষকদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, আপনারা আপনাদের শাক সবজি আমাদের কাছে সরাসরি ন্যায্য মূল্য বিক্রয় করেন। আমরা সেগুলো ন্যায্য মূল্যে ভক্তাদের মাঝে বিক্রয় করব এই কর্মসূচি যতদিন বাজারের দ্রব্যমূলের উর্ধ্বগতি থাকবে ততদিন অব্যাহত থাকবে।